

ঢাকামুখী যাত্রীর চাপ আকাশপথে

- A Monitor Desk Report

Date: 04 April, 2025



ঢাকাঃ ঈদুল ফিতরের চতুর্থ দিনে আকাশপথে ঢাকামুখী যাত্রীদের চাপ বেড়েছে। যাত্রীচাপ আছে পর্যটন নগরী কক্সবাজারেও। আগাম টিকিট যারা কেটেছিলেন তারাই যাতায়াত করছেন।

বৃহস্পতিবার (৩ এপ্রিল) বিকালে এয়ারলাইন্স সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলে এসব তথ্য জানা গেছে।

এবার ঈদুল ফিতরের দীর্ঘ ছুটি মিলেছে। আগামী সপ্তাহে অফিসগুলো খুলবে। লম্বা ছুটি পেয়ে গ্রামে যাওয়া অনেকে আজ ফিরে আসছেন ঢাকায়। আবার কেউ কেউ ঢাকায় ফিরে ঘুরতে যাচ্ছেন কক্সবাজারে।

দেশের অন্য জেলাগুলো থেকে সরাসরি কক্সবাজার রুটে ফ্লাইট না থাকায় কেউ কেউ প্রথমে ঢাকা এসে পরে ফ্লাইট বদলে কক্সবাজার যাচ্ছেন। সবমিলে আজ (৪ এপ্রিল) আকাশপথে ঢাকায় ফেরার চাপ আছে। উত্তরের জেলা সৈয়দপুর ও রাজশাহী থেকে উড়োজাহাজে ঢাকায় ফেরা বেশি লক্ষ্য করা গেছে।

বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের জনসংযোগ বিভাগের মহাব্যবস্থাপক বোসরা ইসলাম বলেন, ঢাকামুখী প্রতিটি রুটেই যাত্রীর চাপ রয়েছে। আমরা বিশেষ ফ্লাইটও পরিচালনা করছি। যারা আগাম টিকিট কেটেছেন তাদের জন্য সুবিধা হয়েছে।

ইউএস-বাংলা এয়ারলাইন্সের মহাব্যবস্থাপক (জনসংযোগ) কামরুল ইসলাম বলেন, আমাদের কক্সবাজার রুটে আজ বাড়তি ফ্লাইট নেই। এরপরও যাত্রী চাপ রয়েছে। তবে ঢাকায় ফেরার যাত্রীর চাপ রয়েছে।

-B